একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

অফিস: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং - আশিবো/প্রশা:/২০১০/১৭৪ তারিখ: ১১ /১১/২০২৫ খ্রি.

বিষয়: এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা (সেটার) ও পরিশোধনকারী (মডারেটর) তৈরি লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিষয়ভিত্তিক শিক্ষকবৃন্দের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোক জানানো যাচ্ছে, বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ডের অধীন এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা (সেটার) ও পরিশোধনকারী (মডারেটর) তৈরির লক্ষ্যে বিষয়ভিত্তিক শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির তত্ত্বাবধানে বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালনা করবে। প্রশিক্ষণের বিষয়সমূহ হচ্ছে- ১. বাংলা ১ম পত্র ২. পদার্থবিজ্ঞান ৩. রসায়ন ৪. জীববিজ্ঞান ৫. ইতিহাস ৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৭. পৌরনীতি ও সুশাসন ৮. সমাজবিজ্ঞান ৯. সমাজকল্যাণ ১০. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১১. হিসাববিজ্ঞান ১২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ১৩. উচ্চতর গণিত ১৪. পরিসংখ্যান ১৫. কৃষি শিক্ষা ১৬. গার্হস্থ্য বিজ্ঞান ১৭. ভূগোল ১৮. মনোবিজ্ঞান ১৯. অর্থনীতি ২০. যুক্তিবিদ্যা ২১. ইসলাম শিক্ষা ২২. ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ২৩. উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

প্রশিক্ষণের জন্য শিক্ষক মনোনয়নের ক্ষেত্রে নিচের মানদন্ডসমূহ বিবেচনা করতে হবে:

ক. এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে দুইটি ১ম বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ (অগ্রাধিকার পাবে);
খ. সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;
গ. কলেজের অভ্যন্তরীণ পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের অভিজ্ঞতা;
ঘ. নূন্যতম ১০ (দশ) বছর চাকরি অবশিষ্ট থাকতে হবে;
ঙ. ১২ দিনের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের উপর প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণকে মনোয়ন দেয়া যাবে না।

উল্লিখিত মানদন্ডের ভিত্তিতে বাংলা ১ম পত্র বিষয়ে ৪ জন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে ৪ জন এবং অবশিষ্ট প্রতি বিষয়ে ৮ জন (১ম পত্রে ৪ + ২য় পত্রে ৪) জন শিক্ষক নির্বাচন নিম্নলিখিত ছক আকারে আগামী ২০ কর্মদিবসের মধ্যে প্রশিক্ষণার্থীগণের নামের তালিকার হার্ডকপি ও সফটকপি (Excel এ Nikosh Format) controller@dhakaeducationboard.gov.bd ইমেইল-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ছক:

| ক্রমিক | নাম, পদবি ও মোবাইল নম্বর | বিষয় | প্রতিষ্ঠানের ঠিকানা, মোবাইল নং ও ইমেইল |
|---|---|---|---|
| | | | |
| | | | |

বিষয়টি অতীব জরুরি।

16.11.2025

প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির
সভাপতি
বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৯৬১৫২৩৫

চেয়ারম্যান
ঢাকা/যশোর/রাজশাহী/কুমিল্লা/বরিশাল/সিলেট/চট্টগ্রাম/
দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।

অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/যশোর/রাজশাহী/কুমিল্লা/বরিশাল/সিলেট/চট্টগ্রাম /দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অফিস কপি।